দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 28. FEB 2008 ..
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের দক্ষতা নিরূপণ পরীক্ষার পরিপত্র বাতিল দাবি

বেসরকারী প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের লক্ষ্যে ২০০৮-০৯ অর্থবছরের বাজেটে অর্থবরাদ্দ ও দক্ষতা নিরূপণ পরীক্ষার পরিপত্র বাতিল করার দাবি জানিয়েছে বেসরকারী শিক্ষক সমিতি। বুধবার এক প্রেস বিজ্ঞপ্তিতে সমিতির সভাপতি মোহাম্মদ সামসুল আলম ও সাধারণ সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা এ দাবি জানান।

বিজ্ঞপ্তিতে তাঁরা উল্লেখ করেন, একই দাবিতে ২ ফেব্রুয়ারি থেকে সারাদেশে প্রায় লক্ষাধিক শিক্ষক কালোব্যাজ ধারণ করে বিদ্যালয় পরিচালনা করছেন।